

MISSION SAGAR: A major Milestone in India's Engagement with IOR Countries

July 01, 2020

মিশন সাগর: আইওআর দেশগুলির সাথে ভারতের সম্পর্ক স্থাপনের একটি মুখ্য স্মরণীয় অধ্যায়

জুলাই 01, 2020

1. 'মিশন সাগর' উপলক্ষ্যে ভারত মহাসাগরে প্রেরণ করা আইএনএস কেশরী 55 দিন ধরে সমুদ্রে 7,500 নটিক্যাল মাইলের বেশী ভ্রমণ করে 28শে জুন 2020 তারিখে ভারতে প্রত্যাবর্তন করেছে।

2. ভারত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলিতে কোভিড- 19 সম্পর্কিত সহযোগিতা প্রদানে ভারতের উদ্যোগ হিসেবে 10 ই মে 2020 তারিখে মিশন সাগরের যাত্রা শুরু হয়। এই মিশনের একটি অংগ হিসেবে আইএনএস কেশরী আমাদের সামুদ্রিক প্রতিবেশী দেশগুলিতে কোভিড সংকটের মোকাবিলা করার জন্য সহায়তা প্রদানের উদ্দেশ্যে যথাক্রমে মালদ্বীপ, মরিশাস, মাদাগাস্কার, কমোরস এবং সিসিলস-এ ভ্রমণ করে। মরিশাস এবং কমোরস-এ ভারতের মানবিক সহযোগিতার মধ্যে অন্তর্ভুক্ত ছিল অত্যাবশ্যকীয় খাদ্য সামগ্রী, ওষুধ, আয়ুর্বেদিক ওষুধ এবং চিকিৎসা সাহায্যকারী দল (এমটিএ) প্রদান করা।

3. প্রধান মন্ত্রীর 'সাগর- সুরক্ষা এবং এই অঞ্চলের সকলের বৃদ্ধি' দৃষ্টিকোণ অনুসারে মিশন সাগর হল ভারত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলির সাথে আমাদের সম্পর্ক স্থাপনের একটি মুখ্য স্মরণীয় অধ্যায়।

4. বিদেশ মন্ত্রণালয়, সম্পর্কিত আছায়ক দেশগুলি যথা গণপ্রজাতন্ত্রী মালদ্বীপ, গণপ্রজাতন্ত্রী মরিশাস, গণপ্রজাতন্ত্রী মাদাগাস্কার, সম্মিলিত কমোরস এবং গণপ্রজাতন্ত্রী সিসিলস-এর সরকারের সহযোগিতা ও একতা এবং তাদের উষ্ণ অভ্যর্থনা ও মিশনকে সৈন্য সাহায্য প্রদানে সহযোগিতা করার জন্য উচ্চ প্রশংসা করেছেন।

নিউ দিল্লি

জুলাই 1, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.